গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
খালিয়াজুরী, নেত্রকোণা

# উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| উপজেলা | ঃ | খালিয়াজুরী |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৮ আগস্ট ২০২৫<br>দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন<br>খালিয়াজুরী, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব এম. এ. কাদের<br>উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ) ও প্রশাসক, উপজেলা পরিষদ, খালিয়াজুরী, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ২২/০৭/২০২৫ তারিখের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০৬ নং গাজীপুর ইউপিঃ | চেয়ারম্যান, ০৬ নং গাজীপুর ইউপিঃ সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। চাল বিতরণের ক্ষেত্রে যাচাইকৃত ভোক্তা কার্যক্রম চালু রয়েছে। বিতরণের ক্ষেত্রে পুলিশ ফোর্সসহ ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ কার্যক্রম হয়ে থাকে। উক্ত চাল যেন যথাযথ ভুক্তভোগীরা পায় সে ব্যবস্থা নিশ্চিত করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের নজরদারি এবং সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা নির্বাচন অফিসার | তিনি জানান যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। মোট ৪১ টি ভোট কেন্দ্রের সার্বিক অবস্থা যাচাইক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ,<br>উপজেলা প্রকৌশলী<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল<br>পল্লী বিদ্যুৎ, খালিয়াজুরী |
| ০৪ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে অত্র উপজেলার মোট ৪১ টি ভোট কেন্দ্রের অনুকূলে প্রয়োজনীয় সংখ্যক আনসার ভিডিপি সদস্য নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, খালিয়াজুরী, নেত্রকোণা |
| ০৫ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। অত্র প্রতিষ্ঠানের মোট সমিতির সংখ্যাঃ ৩৯ টি, মোট সদস্য সংখ্যাঃ ১১৩৫ জন, আগস্ট ২০২৫ মাসের ঋণ বিতরণঃ ৩.৮৫ লক্ষ টাকা, আগস্ট ২০২৫ মাসের মোট ঋণ আদায়ঃ ৪.১৫ লক্ষ টাকা, পর্যন্ত ঋণ আদায়ের হারঃ ৯৮%। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, খালিয়াজুরী, নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। অত্র প্রতিষ্ঠানে চলতি মাসে ঋণ আদায় হয়েছেঃ ৩৮.৫০ লক্ষ টাকা, চলতি মাসে সঞ্চয় আদায় হয়েছেঃ ১.৭৩ লক্ষ টাকা, চলতি মাসে ঋণ বিতরণ হয়েছেঃ ২৮.৭০ লক্ষ টাকা। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, খালিয়াজুরী, নেত্রকোণা |
| ০৭ | বিআরডিবি | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খালিয়াজুরী |
| ০৮ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। নতুন অর্থবছরের নতুন কোন বরাদ্দ না আসায় পূর্বের কাজই চলমান রয়েছে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খালিয়াজুরী |
| ০৯ | সমাজসেবা কার্যালয় | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | মৎস্য বিভাগ | তিনি সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। এ সপ্তাহে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। আগামী মাসে আবার পোনা অবমুক্ত করা হবে। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১১ | কৃষি বিভাগ | উপজলা কৃষি অফিসার জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ১২ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, খালিয়াজুরী, নেত্রকোণা সভায় জানান যে, এ উপজেলার ২০২৪-২৫ অর্থবছরের প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তিনি নিম্নবর্ণিত কিছু উন্নয়নমূলক কাজের বিষয়াদি বাস্তবায়নের অনুরোধ জানান।<br>০১। খালিয়াজুরী সদর ইউনিয়ন পরিষদ ভবনের পূর্ব দক্ষিণ কোনার ওয়ালসহ ছাঁদ ভেঙ্গে নতুন ওয়াল নির্মাণের প্রস্তাব রাখেন যার সম্ভাব্য ব্যয় ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা।<br>০২। খালিয়াজুরী বাজারের ড্রেইন সংস্কার ও সিসিকরণ যার আনুমানিক মূল্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। এছাড়া তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৫-২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ হতে যথাযথভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, খালিয়াজুরী, নেত্রকোণা |
| ১৩ | বিবিধ আলোচনা | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খালিয়াজুরী, নেত্রকোণা সভায় জানান যে, জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদের হলরুম, অন্যান্য রুমসহ উপজেলা নির্বাহী অফিসারের অফিস রুম, পরিষদ চত্বর, আবাসিক এলাকাসহ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পরিষ্কার পরিচ্ছন্নতার নিমিত্ত আগাছা পরিষ্কারের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন।<br>০২। এছাড়া, উপজেলা পরিষদের জন্য (ক) অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা, (খ) আসবাবপত্র ক্রয় বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং (গ) উপজেলা পরিষদের ব্যবহৃত যানবাহন মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন। | আগাছা পরিষ্কারের জন্য "উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ড)"-এ উল্লেখিত খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ "৩ এর (চ) হতে ১,০০,০০০/- (এক লক্ষ), আসবাবপত্র ক্রয় বাবদ ৩ এর (ছ) হতে ১,০০,০০০/- (এক লক্ষ) এবং উপজেলা পরিষদের ব্যবহৃত যানবাহন | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | মেরামত বাবদ ৩ এর (ণ) হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করার সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২৫

(এম. এ. কাদের)
উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ)
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
খালিয়াজুরী, নেত্রকোণা
মোবাইলঃ ০১৭৯৩-৭৬২১১৫
ইমেইলঃ unokhaliajuri@yahoo.com

স্মারক নং- ০৫.৪৫.৭২৩৮.০০০.০৬.০০১.১৯- ৪২৭

তারিখঃ ২৮ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, নেত্রকোণা
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, নেত্রকোণা
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, খালিয়াজুরী, নেত্রকোণা
০৬। উপজেলা ........................................ কর্মকর্তা, খালিয়াজুরী, নেত্রকোণা
০৭। চেয়ারম্যান, ........................................ ইউপি, খালিয়াজুরী, নেত্রকোণা
০৮। অফিস কপি

২৮/০৮/২৫

উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ)
খালিয়াজুরী, নেত্রকোণা

CamScanner